

অর্থ বিভাগের বিভিন্ন অনুবিভাগ ও সংস্থার কার্যাবলীঃ মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক -এর কার্যালয়

মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক বাংলাদেশ সরকারের সর্বোচ্চ হিসাব নিরীক্ষা প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠান প্রজাতন্ত্রের সরকারি হিসাব এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর হিসাব, বিধিবদ্ধ সংস্থা, পাবলিক এন্টারপ্রাইজ এবং স্থানীয় কর্তৃপক্ষের হিসাব নিরীক্ষা করে। ২০১৮-১৯ অর্থবছরে মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক-এর কার্যালয় কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নে তুলে ধরা হলোঃ

অডিট আপত্তি

- ২০১৮-১৯ অর্থবছরে অডিট আপত্তির সংখ্যা ৬০৬৮৪৩ টি। এর সাথে সম্পৃক্ত অর্থ ১৩৬৩০০২.১১ কোটি টাকা। নিষ্পত্তিকৃত অডিট আপত্তির সংখ্যা ১২৯৫৫টি এবং এর সাথে সম্পৃক্ত অর্থ ৩৮০৮৫.৩৪ কোটি টাকা। অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৫৯০৮৮৮টি। এর সাথে সম্পৃক্ত অর্থের পরিমাণ ১৩২৪৯১৬.৭৭ কোটি টাকা।

দেশে এবং বিদেশে প্রশিক্ষণ

- দেশের অভ্যন্তরে বিভিন্ন অডিট অধিদপ্তর, ফিমা, সিজিডিএফ এর মোট ১৭৪৭ জন কর্মকর্তা, কর্মচারীকে ১৮১ টি প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
- ২০১৮-১৯ অর্থবছরে সিএজি কার্যালয় থেকে ১০৪ জন, সিজিডিএফ থেকে ১৩ জন, ফিমা থেকে ৬ জন, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর থেকে ২ জন, সিভিল অডিট অধিদপ্তর থেকে ১ জন এবং পারফরমেন্স অডিট অধিদপ্তর থেকে ৩ জনসহ মোট ১২৯ জন কর্মকর্তাকে প্রশিক্ষণের জন্য বিদেশে প্রেরণ করা হয়েছে;
- ফিমাতে ২৫টি ইন হাউজ প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করা হয়েছে। এগুলোতে অংশগ্রহণকারীর সংখ্যা মোট ৪৭২ জন;
- সিজিডিএফ এ ৫টি ইন হাউজ প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করা হয়েছে। এতে মোট অংশগ্রহণকারীর সংখ্যা ২৪৫ জন;
- প্রতিরক্ষা অডিট অধিদপ্তরে ১) Pre-survey And Audit Planning ২) Audit Design Matrix ৩) Code Of Ethics ৪) ISSAI Complaint Compliance Audit ৫) Performance Audit Planning ৬) Sampling Procedure Concept ৭) Financial Audit Planning ৮) Compliance Audit Plan Practical Session-1৯) AMMS সংক্রান্ত পিপিআর-২০০৬ ১০) পিপিআর-২০০৮ এর উপর ইন-হাউজ ট্রেনিং অনুষ্ঠিত হয়েছে; এবং

বার্ষিক প্রতিবেদন ২০১৮-১৯

- ডাক, টেলিযোগাযোগ,বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক অডিট অধিদপ্তরে ৭ টি ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।

অন্যান্য কার্যাবলী

- দেশের অভ্যন্তরে সিজিএ কার্যালয়, ডাক, টেলিযোগাযোগ,বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক অডিট অধিদপ্তর, দূতাবাস অডিট অধিদপ্তর, পারফরমেন্স অডিট অধিদপ্তর ও সিভিল অডিট অধিদপ্তরে মোট ২২টি সেমিনার/ওয়ার্কসপ আয়োজন করা হয়েছে। এতে মোট অংশগ্রহণকারীর সংখ্যা ছিল ১৮৫ জন;
- সিজিএ কার্যালয়, সিজিডিএফ, অডিট অধিদপ্তরের বিভিন্ন বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প, ফিমা, প্রতিরক্ষা অডিট অধিদপ্তর, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, রেলওয়ে অডিট অধিদপ্তর, পূর্ত অডিট অধিদপ্তর, পারফরমেন্স অডিট অধিদপ্তর, ডাক, টেলিযোগাযোগ,বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক অডিট অধিদপ্তর ও সিভিল অডিট অধিদপ্তরে মোট ৭৫৭টি কম্পিউটার স্থাপন করা হয়েছে এবং ৪৯১ জন কর্মকর্তা, কর্মচারীকে কম্পিউটার বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
- বাণিজ্যিক অডিট অধিদপ্তর Audit matrix প্রণয়ন করেছে;
- সিভিল অডিট অধিদপ্তর কর্তৃক নিম্ন লিখিত কাজ সম্পাদিত হয়েছেঃ
 - মাঠ পর্যায়ে নিরীক্ষা কাজে ব্যবহারের জন্য নিরীক্ষাদল সমূহকে প্রদানের লক্ষ্যে বিভিন্ন সরকারি আদেশ নির্দেশ সমূহের বিষয়ভিত্তিক চেকলিস্ট তৈরী করে কার্যক্রম গ্রহণ করা হয়েছে;
 - বিভিন্ন সিএও এবং ডিসিএ অফিসে নিরীক্ষাকালীন সময়ে উপ-পরিচালকগণ কর্তৃক নিবিড় মনিটরিং এর মাধ্যমে নিরীক্ষার মান উন্নয়নের জন্য উপ-পরিচালকগণকে নিরীক্ষা দলে সংযুক্ত করা হয়েছে;
 - নিরীক্ষা দল সমূহ কর্তৃক মাঠ পর্যায়ে নিরীক্ষা করে উত্থাপিত আপত্তির বিষয় ভিত্তিক তালিকা প্রণয়ন করে দলনেতাগণ কর্তৃক সকল নিরীক্ষা দলনেতাসহ মহাপরিচালক,পরিচালক এবং উপ-পরিচালকগণদের অংশগ্রহণে অনুষ্ঠিত বিশেষ কর্মশালার মাধ্যমে তা উপস্থাপন করা হয়েছে; এবং
 - মহাপরিচালক ও পরিচালক কর্তৃক মাঠ পর্যায়ে নিরীক্ষারত নিরীক্ষাদল সমূহের কার্যক্রম টেলিফোনে এবং সরাসরি মনিটরিং করে নিরীক্ষার মান উন্নয়নের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।